



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা



২ অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

স্মারক নং-বামাশিবো/প্রশাসন/চট্টগ্রাম-২৮৩/ ৩০০০

তারিখঃ ১১.১১.২০১৮খ্রিঃ

বিষয়ঃ এডহক কমিটির জন্য একজন অভিভাবক সদস্য মনোনয়ন প্রদান প্রসঙ্গে।

সূত্রঃ ১) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের নং- ৫৭.০০.০০০০.০৮৫.০১.০২২.১৫-২২৭; তারিখঃ ১০ মে ২০১৮খ্রিঃ
২) জেলা প্রশাসক, চট্টগ্রাম এর স্মারক নং- ০৫.৪২.১৫০০.৬০৩.৫১.০০৪.১৭.৫৮৮; তারিখঃ ১৪ জুন ২০১৭খ্রিঃ


উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম জেলার পতেঙ্গা উপজেলাধীন মাইজপাড়া গাউছিয়া সুন্নিয়া দাখিল মাদ্রাসার সুপার মুহাম্মদ মামুনুর রশিদ এর আবেদন, শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ এবং জেলা প্রশাসক, চট্টগ্রাম এর সূত্রোক্ত পত্রদ্বয়ের প্রেক্ষিতে বিস্তারিত পর্যালোচনা পূর্বক মতামত প্রদানের জন্য অত্র বোর্ডে রক্ষিত মাদ্রাসা সংক্রান্ত নথিটি বোর্ডের বিজ্ঞ আইন উপদেষ্টার নিকট প্রেরণ করা হয়।

বিজ্ঞ আইন উপদেষ্টা সুপারের আবেদন, শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ এবং জেলা প্রশাসক, চট্টগ্রাম এর সূত্রোক্ত পত্রদ্বয় ও মাদ্রাসা সংক্রান্ত নথি পর্যালোচনা করে মতামত প্রদান করেছেন।

উল্লেখ্য স্থানীয় মাননীয় সংসদ সদস্য সভাপতি পদে জৈনৈক আলহাজ্ব ছালেহ আহমেদ চৌধুরীকে মনোনয়ন দেয়ার জন্য ডিওপত্রের মাধ্যমে সুপারিশ করেছেন, জেলা শিক্ষা অফিসার শিক্ষক প্রতিনিধি হিসেবে জনাব মাওঃ মুহাম্মদ এখলাছ (সহঃ মৌলভী) কে মনোনয়ন দিয়েছেন, এডহক কমিটি পরিচালনার জন্য ৪ (চার) সদস্যের সমন্বয়ে এডহক কমিটি গঠনের বিধান আছে তবে ৩ (তিন) সদস্যের সমন্বয়ে কোরাম পূর্ণ হয় বিধায় উদ্ধৃত জটিলতা বিবেচনায় মাদ্রাসা পরিচালনার স্বার্থে সভাপতি, শিক্ষক প্রতিনিধি ও সুপার সমন্বয়ে ৩(তিন) সদস্যের এডহক কমিটি অনুমোদন দেয়া হয়েছে। এছাড়া শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ হতে সূত্রোক্ত ১নং স্মারকে যেহেতু প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পত্র দেয়া হয়েছে সেহেতু উক্ত পত্রের প্রেক্ষিতে জেলা প্রশাসককে এডহক কমিটির জন্য সুপার কর্তৃক দাখিলকৃত তালিকা থেকে যে কোন শিক্ষার্থীর অভিভাবককে “অভিভাবক প্রতিনিধি” হিসেবে মনোনয়ন দেয়া হলে তাকে অভিভাবক প্রতিনিধি হিসাবে এডহক কমিটিতে অন্তর্ভুক্ত করে পত্র জারি করা যেতে পারে।

বর্ণিত অবস্থায় এডহক কমিটির জন্য সুপার কর্তৃক দাখিলকৃত তালিকা থেকে যে কোন শিক্ষার্থীর অভিভাবককে “অভিভাবক প্রতিনিধি” হিসেবে মনোনয়ন দেওয়ার জন্য তাঁকে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে


11.11.18

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ জেলা প্রশাসক, চট্টগ্রাম।

স্মারক নং-বামাশিবো/প্রশাসন/চট্টগ্রাম-২৮৩/

তারিখঃ ১১.১১.২০১৮খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. জনাব মোঃ আবদুল খালেক, সহকারি সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সুপার, মাইজপাড়া গাউছিয়া সুন্নিয়া দাখিল মাদ্রাসা, পতেঙ্গা, চট্টগ্রাম।
৪. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
৫. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪